



সম্পাদক  
**শাহাদত চৌধুরী**

নির্বাহী সম্পাদক  
**মোহসিনউল আদনান**

প্রধান প্রতিবেদক  
**গোলাম মোর্তোজা**

প্রতিবেদক  
**জয়ন্ত আচার্য**  
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু

সহযোগী প্রতিবেদক  
**বদরুল আলম নাবিল**  
আসাদুর রহমান, রুহুল তাপস

প্রধান আলোকচিত্রী  
**তুহিন হোসেন**

আলোকচিত্রী  
**আনোয়ার মজুমদার**

নিয়মিত লেখক  
**আসজাদুল কিবরিয়া, জটন চৌধুরী**  
ফাহিম হুসাইন, হাসান মুর্তাজা  
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন

চট্টগ্রাম প্রতিনিধি  
**সুমি খান**

যশোর প্রতিনিধি  
**মামুন রহমান**

সিলেট প্রতিনিধি  
**নিজামুল হক বিপুল**

কানাডা প্রতিনিধি  
**জসিম মল্লিক**

হলিউড প্রতিনিধি  
**মুনাওয়ার হুসাইন পিয়াল**

নিউইয়র্ক প্রতিনিধি  
**আকবর হায়দার কিরণ**

ওয়াশিংটন প্রতিনিধি  
**নাসিম আহমেদ**

যুক্তরাজ্য প্রতিনিধি  
**শাহরিয়ার ইকবাল রাজ**

কম্পিউটার গ্রাফিক্স প্রধান  
**নূরুল কবীর**

শিল্প নির্দেশক  
**কনক আদিত্য**

প্রদায়ক আলোকচিত্রী  
**এ এল অপূর্ব**

জেনারেল ম্যানেজার  
**শামসুল আলম**

যোগাযোগ  
৯৬-৯৭ নিউ ইন্সটন, ঢাকা-১০০০  
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩  
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯  
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪  
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত  
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০  
ই-মেইল : s2000@dbn-bd.net

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড  
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর  
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত  
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও  
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

**চ**ারদিকে যেন তমসাচ্ছন্ন ঘোর অন্ধকার। সন্ত্রাস, দুর্নীতি, নৈতিক অবক্ষয়, রাজনৈতিক আধিপত্যের লড়াই, মৌলবাদীদের আক্ষালন সারা দেশকে অস্ত্রোপাসের মতো বেঁধে ফেলেছে। সমাজ থেকে সুন্দরকে তিরোহিত করার জন্য চলছে চিহ্নিত বিভিন্ন মহলের প্রতিযোগিতা। চারদিকে নিরাপদহীন দমবন্ধ এক জীবন। স্বাধীনতার বত্রিশ বছর পর এ দৃশ্য দেখে বীর মুক্তিযোদ্ধাদের হৃদয় দুমড়ে মুচড়ে কাঁদে। নানা প্রশ্ন জাগে তার মনে।

দেশে গণতন্ত্র আছে, নেই গণতান্ত্রিক পরিবেশ। সাংসদ থাকলেও জনগণের কথা সংসদে আলোচনা হয় না। ক্ষমতাসীন দল ইচ্ছামতো বিল পাস করিয়ে নেয়। বিরোধী দল থাকে দিনের পর দিন সংসদে অনুপস্থিত। তারা উভয়ই কোটি টাকার সংসদের সুযোগ-সুবিধা ভোগ করে। বাড়ে দ্রব্যমূল্য, সন্ত্রাস। মানুষের দুর্ভোগ। রাজনৈতিক নেতারা ব্যস্ত থাকে একে অপরের ওপর ব্যর্থতার দায় চাপাতে। দেশ পরিচালনার দিক-নির্দেশনা নয়, বিরোধী দল থেকে এসেছে সরকার পতনের আলটিমেটাম। নানা ব্যর্থতায় জনবিচ্ছিন্ন সরকারি দল জনগণের পাশে না দাঁড়িয়ে বিরোধী শিবিরের আন্দোলন দমনে মরিয়া। চলছে আলটিমেটাম প্রতিরোধের প্রস্তুতি। গণতান্ত্রিকভাবে নির্বাচিত শাসক দলের আচরণে প্রশ্নবিদ্ধ হচ্ছে গণতন্ত্র। রক্তাক্ত হচ্ছে রাজপথ।

আজ দেশের সকল গণতান্ত্রিক প্রতিষ্ঠানই হুমকির মুখে পড়েছে। সংসদ, বিচার বিভাগ, সংবাদপত্র। স্বাধীন সংবাদপত্র, মুক্ত সাংবাদিকতার কণ্ঠরোধ করতে বিভিন্ন মহল প্রতিযোগিতায় নেমেছে। হত্যা করা হলো বরণ্য সাংবাদিক শামছুর রহমান ও মানিক সাহাকে। স্বাধীন মত প্রকাশের দায়ে হুমায়ুন আজাদকে প্রকাশ্যে হত্যার চেষ্টা হলো। সাপ্তাহিক ২০০০-এর চিফ রিপোর্টারের নামে কাফনের কাপড় পাঠানো হলো। চারদিক থেকে যেন গলাটিপে ধরার চেষ্টা করা হচ্ছে মুক্ত মত প্রকাশের স্বাধীনতাকে। '৭১-এর পরাজিত শক্তি সরকারের মধ্যে থেকে স্বাধীনতার সব অর্জনকে ব্যর্থ করতে সদা তৎপর। ধর্মের নামে তারা আবার সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়াচ্ছে। ফতোয়া দিয়ে রুদ্ধ করছে মৌলিক মানবিক অধিকার। বাঁপিয়ে পড়ছে লুকিয়ে রাখা অস্ত্র নিয়ে। আধুনিক সভ্য জগতে বাস করে আমরা উল্টো পথে হাঁটছি। মধ্যযুগীয় বর্বরতার দিকে ধাবিত হচ্ছি।

চারদিকের অবস্থা দেখে জনগণ ক্লান্ত। অজানা ভয় তাদের আচ্ছাদিত করে ফেলেছে। তারা উত্তরণের পথ খুঁজছে। মুক্তিযুদ্ধের সেই অমিয় দুর্ভেদ্য সাহস, চেতনাই জনগণকে আজকের সংকট উত্তরণে পথ দেখাতে পারে।

প্রচ্ছদ মডেল : সালমান ও শূচি ছবি : এ এল অপূর্ব

## ঘরে বসেই পেতে পারেন সাপ্তাহিক ২০০০-এর প্রতিটি সংখ্যা

### গ্রাহক হবার নিয়ম

গ্রাহক হার (বার্ষিক ৮০০ টাকা অথবা বার্ষিক ৪৫০ টাকা) ব্যাংক ড্রাফটের মাধ্যমে 'সাপ্তাহিক ২০০০'-এর অনুকূলে যে কোনো ব্যাংক থেকে পাঠাতে পারেন। অথবা সাপ্তাহিক ২০০০-এর কার্যালয়ে নগদ পরিশোধ অথবা মানি অর্ডারের মাধ্যমে গ্রাহক হওয়া যেতে পারে। মানি অর্ডার অথবা ডিডি পাঠানোর ঠিকানা : সার্কুলেশন ম্যানেজার, সাপ্তাহিক ২০০০  
৯৬-৯৭ নিউ ইন্সটন রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।

চেক গৃহীত হয় না। যে কোনো জায়গা থেকে প্রিয়জনকেও উপহার হিসেবে আপনি গ্রাহক করে দিতে পারেন সাপ্তাহিক ২০০০-এর প্রতিটি আকর্ষণীয় সংখ্যার।

**সাপ্তাহিক ২০০০ অফিসে ফোন (৯৩৪৯৪৫৯) করেও আপনি গ্রাহক হতে পারেন।**